



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ অক্টোবর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে সেনাবাহিনীর কথিত বন্দুকযুদ্ধের ঘটনায় ইউপিডিএফ জড়িত নয়

খাগড়াছড়ি সদর উপজেলার কমলছড়ি ইউনিয়নের কুতুকছড়ি নামক স্থানে গতকাল শুক্রবার সন্ধ্যার দিকে সেনাবাহিনীর কথিত বন্দুকযুদ্ধে একজন নিহত ও অস্ত্র উদ্ধার হওয়ার ঘটনার সাথে ইউপিডিএফ-কে জড়িয়ে বিভিন্ন মিডিয়ায় যে খবর প্রকাশিত হয়েছে তা সত্য নয় বলে জানিয়েছে ইউপিডিএফ।

ইউপিডিএফ'র খাগড়াছড়ি জেলার সংগঠক অনি চাকমা আজ ১৫ অক্টোবর ২০১৬ শনিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে উক্ত ঘটনার সাথে ইউপিডিএফ-কে জড়িয়ে মিথ্যা প্রচারণাকে ইউপিডিএফের বিরুদ্ধে সুগভীর ষড়যন্ত্রেরই অংশ উল্লেখ করে বলেছেন, 'ইউপিডিএফ একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল, কাজেই সেনাবাহিনীর সাথে ইউপিডিএফের বন্দুকযুদ্ধের প্রশ্নই আসে না। মূলতঃ ইউপিডিএফ-এর ভাবমূর্তি ক্ষুণ্ণ করা ও ভূমি পুনরুদ্ধারের আন্দোলনকে ভিন্ন খাতে প্রবাহিত করার হীন উদ্দেশ্যে এ ধরনের বন্দুক যুদ্ধের নাটক মঞ্চস্থ করা হয়েছে বলে আমরা মনে করি।'

বিবৃতিতে তিনি এ ধরনের অপপ্রচারণায় বিভ্রান্ত না হয়ে ইউপিডিএফের নেতৃত্বে ভূমি পুনরুদ্ধারের আইনী লড়াইকে একটি উচ্চতর রাজনৈতিক সংগ্রামে উন্নীত করার আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।